লিপি
পোর্ট ব্লেয়ার • বুধবার, ৩০ আগস্ট ২০১৭
Port Blair • Wednesday • August 30, 2017
Arthik Lipi, Page 2

শিশু জগৎ

বিন্দুগুলি যুক্ত করো



গোলক ধাঁধা



সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	6						5	
		3	1	5		6		2
		1		7	8		3	
3	5		9	6				
6								9
				4	7		6	3
	3		4	1		2		
8		6		9	2	1		
	1						9	

গতকালের সমাধান

2	8	5	4	6	3	9	7	1
3	7	9	1	8	5	6	2	4
6	4	1	2	7	9	3	5	8
1	5	4	9	3	7	8	6	2
7	6	3	8	1	2	5	4	9
8	9	2	6	5	4	7	1	3
4	1	7	3	9	6	2	8	5
9	2	6	5	4	8	1	3	7
5	3	8	7	2	1	4	9	6

আবহাওয়া

পূর্বাভাস: বুধবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** মঙ্গলবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩২ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।০৫, **সূর্যাস্ত:** ঘ ৬।১২ **জোয়ার**:দুপুর ২:৩৩। **ভাঁটা**: সকাল ৯:৫৫।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	63.7382
INR / 1 Euro	:	75.2876
INR / 100 Jap. YEN	:	57.6300
INR / 1 Pound Sterling	:	83.1465

শেয়ারসূচক

BSE	32, 014.19 ▲	(-259.48)
NIFTY	9978.55 ▲	(-78.85)

শব্দলিপি- ৯৮৪

১	২		৩	■	৪		৫
■		■		■		■	
৬				■		■	
	■	■	৭	৮			
৯		১০			■	■	
	■		■	১১		১২	
	■		■		■		■
১৩			■	১৪			

পারমিতা ব্যানার্জী

পাশাপাশি : ১। জগন্নাথ ৪। মুখ ৬। অকল্পিত ৭। মজুত অর্থ ৯। তরতাজা ১১। প্রভেদ ১৩। অনেক ১৪। পণ্ড করা

উপরনীচ : ২। খামচানো ৩। চন্দ্রপুত্র ৪। বাতিল ৫। নূতনভাবে প্রকাশনা ৬। '— — আলো' ৮। যে জায়গায় যেতে হবে ১০। প্রশ্নকর্তা ১২। ধর্মবিশ্বাসী

সমাধান : শব্দলিপি-৯৮৩

পাশাপাশি : ১। রামদেব ৩। অব্যয় ৬। যড়তম ৮। বোনের পতি ১০। দারগ্রহণ ১২। লবণাম্বু ১৪। অলস ১৫। খতিয়ান

উপরনীচ : ১। রাঘব বোয়াল ২। দেওদার ৪। ব্যতীত ৫। বিষতির ৭। মরণবাঁচন ৯। পদাম্বুজ ১১। গ্রহপতি ১৩। বমাল

চোর সন্দেহে এক ব্যক্তির চোখে সুচ ফোটানো হল

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : চোর সন্দেহে এক ব্যক্তির চোখে সুচ ফোটানো হল, ঘটনাটি ঘটেছে জয়নগর থানা এলাকায়। গোলাম বারি বাড়ি জয়নগর থানার কাশীপুরে। পেশায় রাজমিস্ত্রি। গত পরশু জয়নগরের একটি মুদি দোকানে চুরি হয়। দোকানের মালিক জুলফিকার সন্দেহ করে গোলামই ওর দোকানে চুরি করেছে। গতকাল জুলফিকার গোলামকে ফোনে তার দোকানে আসতে বলে। গ্রামে কাজ না থাকায় গোলাম পার্ক সার্কাসে রিক্সা চালায়, রাতে গোলাম বারি জুলফিকারের দোকানে গেলে জুলফিকার এবং আরও কয়েকজন তাকে পেটায়। চোখে সুচ ফুটিয়ে দেয়। খবর পেয়ে জয়নগর থানার ওসি ঘটনাস্থলে গিয়ে গোলামকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে পাঠায়। আঘাত গুরুতর হওয়ায় গোলামকে কলকাতার হাসপাতালে রেফার করা হয়েছে। জয়নগর থানায় অভিযোগ দায়ের করেছে। জুলফিকার পলাতক।

সভা /অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরাম মন্দির)
আজ বুধবার আলোচনায়: রামকৃষ্ণ পুঁথি। পাঠক:স্বামী প্রিয়ানন্দ। সময় : ৭-১৫

ভাগ্যলিপি

মেষ
ব্যক্তিগত জীবনে আজ কিছুটা হলেও পরিবর্তন আসতে চলেছে।

বৃষ
সহকারী কর্মিদের ভুল আজ বড় করে দেখা দিতে পারে। সেক্ষেত্রে সমস্যায় পড়তে হতে পারে।

মিথুন
আপনার আবেগ আজ বৃদ্ধি পাবে। ধর্মীও ব্যাপ্যারে আপনার খরচ বাড়বে।

কর্কট
ব্যক্তিগত ক্ষেত্রে আপনার লাভের পরিমাণ বৃদ্ধি পাবে। সঠিকভাবে এগিয়ে চলার চেষ্টা করুন।

সিংহ
গুরুত্বপূর্ণ দিন আজ, অর্থিক সমস্যা সমাধান হবে। মুনাফা বৃদ্ধি পাবে।

কন্যা
আপনার লক্ষ্যে পৌচ্ছানোর ক্ষেত্রে আজকের দিনটা গুরুত্বপূর্ণ।

তুলা
ভাল খবর পেতে পারেন আজ। সমস্যা যা ছিল তা কেটে যাবে। দিনটি সুখের হবে।

বৃশ্চিক
একটা অগ্রগতির দিন যেকোনও ভাবে এগিয়ে চলার চেষ্টা করুন। কৃষিক্ষেত্রে ব্যবসায়িদের মুনাফা বৃদ্ধি পাবে।

ধনু
দুখিতঃ হবেনা আপনার লক্ষ্যে পৌছানোর চেষ্টা করুন।

মকর
সিদ্ধান্ত নেওয়া ক্ষেত্রে আজকের দিনটা অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে থাকবে। যুক্তি সহকারে এগিয়ে চললে সফল হবেন।

কুম্ভ
বকেয়া কাজ আজ সমাপ্ত হবার সম্ভাবনা। যতসময় কাটবে ততই সচ্ছাতা মিটেয়ে এগিয়ে যেতে পারবেন।

মীন
লাভবান হবার সম্ভাবনা।

আন্দুল কামরাঙ্গুর তরুণ সংঘের পুজোয় বুদ্ধমন্দির

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : পুজোর ষষ্ঠী। হাওড়ার আন্দুলের পূর্বপাড়া, রায়পাড়া, মিলগেটে, ফুলবাগান মাঠ জনজোয়ারের কেন্দ্রস্থল তখন এক জায়গাতেই সব মানুষের আলোচ্য বিষয় এবার এই পুজোটা কী করল। হাওড়ার মফঃস্বল এলাকার, আন্দুল সাঁকরাইল, মৌড়ির বাসিন্দাদের পুজোর আগে একটাই আলোচনার বিষয় আন্দুল বড়পুজো উদ্যোক্তাদের সঙ্গে যথারীতি টেক্কা দিচ্ছে এই কামরাঙ্গু তরুণ সংঘ এবছর থিম হিমাচল প্রদেশের একটি বুদ্ধ মন্দির। সংঘের কার্যকরী সমিতির সদস্য দিলীপ চক্রবর্তী জানান। এবছর তাদের থিমের নাম রোদ-বৃষ্টির দেশে, আবার ভালবেসে। যার ব্যাখ্যা সম্পর্কে তার অভিমত, হিমাচল প্রদেশের একটি পাহাড়ি অঞ্চলের মন্দির এটি সেখানে রোদ-বৃষ্টি লেগেই আছে। যেখানে প্রাকৃতিক সৌন্দর্য, ঝোপঝাড়, জীবজন্তুর আনাগোনা। সেই পরিবেশটাকেই সৃষ্টি করা হচ্ছে এবারের মণ্ডপে। এই বুদ্ধ মন্দিরের মণ্ডপ বাঁশ, থার্মোকল সহ নানা উপকরণ দিয়ে তৈরি হচ্ছে। যেখানে থাকবে গৌতম বুদ্ধের মূর্তি, পাহাড়ী গাছপালা ও বন্য জীবন্ত জীবজন্তু। মোট কথা প্রাকৃতিক পরিবেশের মধ্যে একটি বুদ্ধমন্দির মণ্ডপ আকারে নির্মাণ করাই তাদের উদ্দেশ্য বলে জানান দিলীপবাবু।

আন্দুল কামরাঙ্গু তরুণ সংঘের পুজো এবার ৫৭ বর্ষে। মণ্ডপ শিল্পী অজয় মান্না, প্রতিমা শিল্পীর নাম অষ্টচরণ দলুই। গত বছর গ্রাম বাংলার হারিয়ে যাওয়া শিল্পকে তৈরি মণ্ডপ বিশ্ববাংলা শারদ সম্মান থেকে হাওড়া জেলার সেরা মণ্ডপের শিরোপা অর্জন করেছে। এই পুজো এবারও সেরা পুজোর তকমা ছিনিয়ে নিতে আশাবাদী সংঘের প্রতিটি সদস্য। এই পুজোয় অত্যাধিক জনজোয়ারের কথা মাথায় রেখে অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা রাখা হয়েছে। পুজোর দিনগুলিতে বস্ত্র বিতরণ, বই বিতরণ ও নানা সামাজিক কাজ করা হবে বলে জানান দিলীপবাবু। দক্ষিণ-পূর্ব রেলওয়ের আপ ও ডাউনের যেকোনও ট্রেনে আন্দুল স্টেশনে নেমে, স্টেশনের পাশেই এই পুজো মণ্ডপ।

দেগঙ্গায় সদ্যোজাতর মৃতদেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, দেগঙ্গা : মঙ্গলবার সকালে সদ্যোজাত শিশুর মৃতদেহ উদ্ধার করল উত্তর ২৪ পরগনা জেলার দেগঙ্গা থানার পুলিশ। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। ঘটনাটি ঘটেছে দেগঙ্গার চৌরাশিয়া গ্রাম পঞ্চায়েতের শিমুলিয়া মাঝেরপাড়া এলাকায়। সদ্যোজাতর মৃতদেহ ঘিরে এদিন চাঞ্চল্য ছড়ায় এলাকায়। পুলিশ জানিয়েছে, সদ্যোজাত শিশুটির দেহ ক্ষত বিক্ষত ছিল। পুলিশ এবং স্থানীয়দের ধারণা, গর্ভপাত করে কেউ বা কারা কয়েকদিন আগেই সদ্যোজাত শিশুটিকে চাষের খেতে ফেলে দিয়ে গিয়েছে। স্থানীয় সূত্রে জানা যায়, চৌরাশির শিমুলিয়া মাঝেরপাড়া এলাকায় একটি বিদ্যালয়ের পাশেই চাষের খেত রয়েছে। এদিন সকালে স্থানীয় কয়েকজন চাষি সেই খেতে চাষের কাজের জন্য যায়। চাষিরাই প্রথমে জমিতে সদ্যোজাত মৃত শিশু পড়ে থাকতে দেখেন। শিশুটির দেহ ক্ষত বিক্ষত অবস্থায় ছিল। এরপর চাষিরাই গ্রামে খবর দেয়। ঘটনার জেরে এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। খবর দেওয়া হয় দেগঙ্গা খানার। সদ্যোজাতর দেহটি উদ্ধার করে।

ঠাকুরবাড়ির কামনা সাগরে জলে ডুবে মৃত্যু হল ছাত্রের

নিজস্ব সংবাদদাতা, ঠাকুরনগর : বনগাঁর ঠাকুরনগরের ঠাকুরবাড়ির কামনা সাগরে জলে ডুবে মৃত্যু হল এক ছাত্রের। পুলিশ জানিয়েছে, মৃত ছাত্রের নাম সায়ন বিশ্বাস (১৭)। তার বাড়ি অশোকনগর এলাকায়। সায়ন অশোকনগর বিদ্যামন্দিরের একাদশ শ্রেণির ছাত্র।

ঠাকুরবাড়িতে পুজো দিয়ে সে তার বন্ধুদের সঙ্গে স্নান করতে নামে কামনা সাগরে। এরপরই জলে ডুবে যায় সে। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে। জানা গিয়েছে, মঙ্গলবার সায়ন তার বন্ধুদের সঙ্গে পুজো দিতে আসে ঠাকুরনগরের ঠাকুরবাড়িতে। পুজোও দেয় তারা। পরে সায়ন সহ তার চার বন্ধু ঠাকুরবাড়ির কামনা সাগরে স্নান করতে নামে। তারা কেউই সাঁতার জানতো না বলে জানা গিয়েছে। পুকুরের জলে বেসামাল হয়ে ডুবে যায় সায়ন। বেশ কিছু সময় ধরে তার বন্ধুরা সায়নকে খুঁজে না পেয়ে স্থানীয় লোকজনকে বিষয়টি জানায়। এরপর স্থানীয় মানুষজনের তৎপরতায় সায়নকে জল থেকে উদ্ধার করা হয়। জল থেকে তুলে তাকে নিয়ে যাওয়া হয় স্থানীয় চাঁদপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে। সেখানে নিয়ে গেলে চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করেন।

গাইঘাটায় পরপর দু'টি দোকান ও পোস্ট অফিসে চুরি

নিজস্ব সংবাদদাতা, গাইঘাটা : সোমবার গভীর রাতে পর পর দুটি দোকান এবং একটি সরকারি সাব পোস্টঅফিসে চুরির ঘটনা ঘটল গাইঘাটা থানার ঠাকুরনগর এলাকায়। একটি সোনার দোকান এবং মোবাইলের দোকান মিলিয়ে কয়েক লক্ষ টাকার সামগ্রী খোয়া গিয়েছে বলে জানা গিয়েছে। গাইঘাটা থানার পুলিশ সূত্রে জানা গিয়েছে, দুটি দোকানে চুরি হলেও পোস্টঅফিসে কিছু চুরি হয়নি। তবে পোস্টঅফিসের তালা ভেঙে ভিতরে ঢুকে গুরুত্বপূর্ণ নথি তছনছ করেছে চোরের দলটি। পুলিশ চুরির তদন্ত শুরু করলেও মঙ্গলবার বিকাল পর্যন্ত কাউকে গ্রেফতার করতে পারেনি। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, তালা ভেঙে গাইঘাটা থানার ঠাকুরনগরের একটি মোবাইল ও সোনার দোকানে চুরি হয়েছে। মোবাইলের দোকান থেকে খোয়া গিয়েছে, নগদ দশ হাজার টাকা।

পাশাপাশি তালা ভেঙে একটি সোনার দোকানে ঢুকে সিন্দুকের লকার থেকে কয়েক ভরি সোনার গহনা নিয়েও চম্পট দিয়েছে চোরের দল। আনুমানিক প্রায় দুই লক্ষ টাকার বেশি সোনার গহনা চুরি গিয়েছে বলে জানা যায়। অন্যদিকে,এদিন সকালে পোস্টঅফিস খুলতে এসে পোস্টঅফিসের এক কর্মী সেখানে চুরির বিষয়টি দেখতে পান। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

জগদীশপুরে বিদ্যুৎস্পৃষ্ট, মৃত-১

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার জগদীশপুরের জলপ্রকল্পের কাজ চলাকালীন বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল এক কর্মীর। যার জেরে উত্তেজনা ছড়াল এলাকায়। মৃত কর্মীর নাম সাদ্দাম মণ্ডল (২৫)। গুরুতর অবস্থায় হাসপাতালে ভর্তি হয়েছেন অপর এক কর্মী লালবাবু মণ্ডল। ঘটনাটি ঘটে লিলুয়া থানার কোণা জগদীশপুরে। সাদ্দাম ও লালবাবু দুজনের বাড়ি বারাসতে। পুলিশ সূত্রে জানা গেছে কিছুদিন আগে থেকে কোণা জগদীশপুরের উপস্বাস্থ্য কেন্দ্রের কাছে চামড়াইল বাঁশতলায় নতুন জলের পাইপ লাইন তৈরির কাজ চলছে। অন্যান্য দিনের মত এদিন সোমবারও কাজ চলছিল। যেখানে কাজ চলছিল তার ওপর দিয়ে প্রায় ১১ হাজার ভোল্টের বিদ্যুতের তার চলে গেছে। সকাল সাড়ে ১০টা নাগাদ গাড়ি করে মাটি কাটার কাজ করার সময় হঠাৎই বিদ্যুৎয়ের সংস্পর্শে গুরুতর আহত হন দুই কর্মী সাদ্দাম এবং লালবাবু। তাদের চিৎকারে ছুটে আসে অন্যান্য কর্মীরা।

গুরুতর আহত অবস্থায় তাদের দুজনকে কোণা হাসপাতালে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করা হয় সাদ্দামকে। গুরুতর আহত অবস্থায় লালবাবু হাসপাতালে ভর্তি রয়েছেন। জানা গেছে তাদের দুজনের বাড়ি বারাসতের অশোকনগরে। শর্ট সার্কিটের জন্য এই দুর্ঘটনা বলে অনুমান পুলিশের। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

হোম থেকে পলাতক ১৬ আবাসিক

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হোম থেকে পলাতক ১৬ আবাসিক। হাওড়ার পাঁচলা থানা এলাকার মালিপুকুর হোমের ১৬ আবাসিক পালিয়ে যাওয়ার ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। ঘটনাটা ঘটেছে মঙ্গলবার সকালে। জানা গিয়েছে হোমের ১৬ আবাসিক যাদের বয়স বারো থেকে পনেরো তারা হোমের চৌহদ্দির ভিতরে থাকা সুপারী গাছ বেয়ে পাঁচিলের অপর প্রান্তে ঝাঁপ দিয়ে পালিয়ে যায়। মঙ্গলবার কাকভোরে ঘটনাটি ঘটে। স্থানীয় এক বাসিন্দা বিষয়টি লক্ষ্য করে হোম কর্তৃপক্ষকে জানায়, এরপর তল্লাশি চালিয়ে পাঁচজনকে ধরা হলেও বাকিরা পলাতক। উল্লেখ্য এই হোমের বিরুদ্ধে এর আগে নানান অব্যবস্থার অভিযোগ উঠেছে।

এমনকি এই ধরনের ঘটনা আগেও ঘটেছে বলে জানিয়েছে স্থানীয়রা। এদিকে হোম কর্তৃপক্ষ পুরো ঘটনার তদন্ত হবে বলে জানান

আধুনিক সমাজ ব্যবস্থায় ব্রাহ্মণদের মূল্য কমছে ব্রাহ্মণ সমাজ প্রায় অবহেলার শিকার

নিজস্ব সংবাদদাতা, দক্ষিণ ২৪ পরগনা : আধুনিক সমাজ ব্যবস্থায় ব্রাহ্মণদের মূল্য কমছে। ব্রাহ্মণ সমাজ প্রায় অবহেলার স্বীকার। অথচ হিন্দু সমাজে ব্রাহ্মণই একমাত্র মাধ্যম যিনি ভগবান এবং মানুষের মধ্যে মেলবন্ধন ঘটাতে পারেন। ভগবানের আশীর্বাদ পাওয়ার জন্য ব্রাহ্মণের প্রয়োজন। অর্থাৎ জন্ম থেকে মৃত্যু পর্যন্ত হিন্দু সমাজে ব্রাহ্মণের প্রয়োজনীয়তা অসীম।

সমাজ এগিয়ে চলছে অথচ ব্রাহ্মণরা পিছিয়ে। একটা দুর্গাপুজাতে লাখ লাখ টাকা খরচ হয় থিম প্যাণ্ডেল, আলোক সজ্জায়, অথচ ব্রাহ্মণ দিন ছাড়া মায়ের আগমন থেকে বিসর্জন অসম্পূর্ণতার জন্য বরাদ্দ সামান্য দক্ষিণা আর চালকলা। আক্ষেপের সুরে ব্রাহ্মণ কল্যার্থ সমিতির সভায় বক্তব্য রাখেন দক্ষিণ ২৪ পরগনা জেলার ব্রাহ্মণ কল্যান সমিতির সম্পাদক শঙ্করপ্রসাদতেওয়ারি। সুন্দরবন আদর্শ বিদ্যামন্দিরের কলা মণ্ডপ মধ্যে মন্ত্রী মন্টুরাম পাখিরার সামনে শঙ্করবাবু ব্রাহ্মণদের বর্তমান অবস্থার কারণ তুলে ধরেন।

তিনি এও স্বীকার করেন, বর্তমানে আর ভাল ব্রাহ্মণ পণ্ডিত তৈরি হচ্ছেনা। যে সমস্ত ব্রাহ্মণ সন্তান উচ্চশিক্ষিত হচ্ছেন তারা পুরোহিতের কাজ করছেন না।

শঙ্করবাবুরা মন্ত্রীকে কয়েকটি দাবি পেশ করেন। যার মধ্যে প্রধান দাবি হল সংস্কৃত টোল যে গুলো পূর্বে ছিল তা পুনরায় চালু করা। সেখানে ভাল সংস্কৃত শিক্ষক নিয়োগ করা যাতে ব্রাহ্মণ সন্তানরা প্রয়োজনীয় শিক্ষা নিতে পারেন।

বর্তমানে যে সমস্ত দরিদ্র ব্রাহ্মণ আছেন তাদের মধ্যে অনেকের বাসস্থান নেই তাদের জন্য কিছু ব্যবস্থা করা।

মাননীয় মন্ত্রী ব্রাহ্মণ কল্যাণ সমিতির জমায়েত দেখে অবাক হন।

প্রায় সাতশো ব্রাহ্মণ সম্মেলনে উপস্থিত হয়েছিলেন। তিনি মন দিয়ে বক্তব্য শোনার পরে আবেগতাড়িত কণ্ঠে বলেন, সত্যি আমি আপ্লুত। যাঁরা আমাদের সঙ্গে ঈশ্বরের মেল বন্ধনের সুযোগ করে দেন তাঁরা আজ সংঘবদ্ধ। মাননীয় মন্ত্রী অঙ্গীকার করেন মুখ্যমন্ত্রীর কাছে তিনি অবশ্যই দরবার করবেন। আপাতত গীতাঞ্জলি প্রকল্প থেকে তাঁদের প্রয়োজন তাঁদের বাসস্থানের জন্য অর্থ দেবেন। মুখ্যমন্ত্রী চান মানুষের জন্য কাজ করতে হবে। মানুষই আমাদের ঈশ্বর।

মাননীয় মন্ত্রী সংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, আমি আমার শেষ রক্তবিন্দু দিয়ে ব্রাহ্মণদের যা যা করা যায়, সেই কাজ অবশ্যই করব। আমি এবং আমার সরকার মানুষের সরকার।

CHANGE OF NAME

I, URMIL SHAH (2) URMI B. SHAH S/O BHANUKANT SHAH R/O 6, BAISHNAB MULLICK LANE, P.O. HOWRAH P.S. SHIBPUR, DIST: HOWRAH, W.B. 711101 SHALL HENCEFORTH BE KNOWN AS URMIL BHANUKANT SHAH VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 28.08.2017

Tender Notice No. 08/AE/BNWSD-I/PWD of 2017-2018

Sealed tender are invited for the following works Name of work: (1) Repair and renovation of cytology room at 2nd floor of Bidhannagar College, during the year 2017-2018. Estimated Amount put to Tender (Rs.) : 4, 84, 385/-. Earnest Money :- 9,688/-. (2) Provision for additional glazed aluminium partition wall within Office Block of Education Directorate (under the DPI West Bengal) at 8th Floor, North Block, Bikash Bhavan, during the year 2017-2018. (R & B Works) Estimated Amount put to Tender (Rs.) : 1, 39, 454/-. Earnest Money :- 2, 789/-. Last date of time limit for application of Tender : 04.09.2017 up to 12:00 Noon. Last date of time limit for dropping of Tender :- 06.09.2017 up to 12:00 Noon. Date of opening of Tender :- 06.09.2017 at 12.30 P.M. All other details information will be had from the office of the undersigned.

**Assistant Engineer, P.W.D.
Bidhannagar West Sub Division-I.**

নাম পদবী পরিবর্তন

ভোটার আইকার্ডে ও রেশনকার্ডে ভুলবশতঃ আমার নাম জিয়াউল মিঞা হইয়াছে। গত 22/9/2015 বারাসত নোটারী পাবলিকের এফিডেভিট বলে আমি সর্বক্ষেত্রে জিয়াউল হক বিশ্বাস নামে পরিচিত হইলাম। গ্রাম উত্তর আয়রা পোঃ-হাটথুবা, থানা হাবড়া উত্তর ২৪ পরগনা।

জমি বাড়ি ক্রয় বিক্রয়

দক্ষিণ হাবড়া গৌরবঙ্গ রোডের পাশে ২১ কাঠা জমিসহ দ্বিতল বাড়ি শীঘ্র বিক্রয় হইবে। সরাসরি যোগাযোগ করুন।
M-9832245442